R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৪২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১লা চৈত্র বুধবার, ১৩৯৫ সাল।
১৫ই মার্চ্চ, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## বাস্তুঘুঘুদের দাপটে মহকুমা হেলথ অফিসে আনহেলদি পরিবেশ

বিশেষ প্রতিনিধি : সম্প্রতি ওয়েষ্ট বেঙ্গল ডি ডি টি স্প্রে ওয়ার্কার্স এ্যাসোশিয়েসন মুর্শিদাবাদ শাখার (কো-অর্ডিনেশন কমিটি সমর্থিত) সভাবৃন্দ জঙ্গিপুরের এ সি এম ও এইচ এবং বহরমপুরে ডেপুটি সি এম ও এইচ (দুই) ও সি এম ও এইচ এর কাছে ৭ দফা দাবীর ভিত্তিতে এক ডেপুটেশন দেন ও স্মারকলিপি পেশ করেন। দাবীগুলি হলো—স্বাস্থ্য বিভাগে লোক নিয়োগের ক্ষেত্রে স্প্রে কর্মীদের নিয়োগের অগ্রাধিকার স্প্রে সংক্রান্ত রিপোর্ট ও হিসাব নিয়মমাফিক কলকাতায় প্রেরণ, সঠিক সময়ে স্প্রের কাজ চালু, প্রত্যেকের জন্য বছরে ৫ মাসের কাজ, ম্যালেরিয়া ও কালাজ্বর কর্মীদের সমকাজে সম বেতন দান, একই সঙ্গে স্প্রে কাজ চালু : স্প্রের কাজ চালুর পূর্বে মেসিনসহ সমস্ত উপকরণ মজুত। আর এক বিশেষ দাবীর মাধ্যমে তাঁরা জঙ্গিপুর এ সি এম ও এইচ অফিস থেকে তিনবার স্প্রে মেসিন চুরির তদন্ত করে দোষী ব্যক্তির শাস্তি দাবী করেন। তাঁরা অভিযোগ করেন, ঐ অফিসটি ঘিরে এক ক্ষমতাশালী চক্র গড়ে উঠেছে। যাদের দাপটে এইসব কুকর্ম ঘটে চলেছে। তাঁরা আরো জানান, জঙ্গিপুর মহকুমায় দিন দিন ম্যালেরিয়া ও কালাজ্বরের প্রকোপ বাড়ছে কিন্তু বর্তমানে অফিসের এই ক্ষমতাশালী চক্রটির প্রভাবে সময়মত কোন কাজই হচ্ছে না। স্প্রে ওয়ার্কার্সের বছরে ৫ মাস কাজ দেওয়ার কথা থাকলেও এই অফিস তাদের আড়াই মাসও কাজ দেন না। এমনকি কালাজ্বর ও ম্যালেরিয়ার ব্যাপারে কোন রিপোর্ট বা বিগত বছরের খরচের হিসাবও কলকাতায় পাঠান না। ফলে উপর থেকে স্প্রে করান বা তদনুযায়ী স্প্রে মেসিন সরবরাহ করা হয় না। তথ্যানুসন্ধানে আমাদের প্রতিনিধি জানতে পারেন এ সি এম ও এইচ পদে কোন স্থায়ী অফিসার এখানে বেশ কিছুদিন ধরে নাই। জঙ্গিপুর মহকুমা হাসপাতালের এস ডি এম ও অস্থায়ীভাবে ঐ পদের দায়িত্বে আছেন। ফলে তাঁর পক্ষে (শেষ পৃষ্ঠায়)

## জালিয়াতির দায়ে ষ্টেট ব্যাঙ্ক অফিসারের চাকরী গেল

রঘুনাথগঞ্জ : ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর ব্রাঞ্চের জনৈক অফিসার এন কে মুখার্জী গত সপ্তাহে চাকরীচ্যুত হয়েছেন। প্রায় তিন বছর আগে তিনি এই ব্রাঞ্চে যোগ দেন। খবর, এর আগে হাওড়া ষ্টেশন ব্রাঞ্চে ম্যানেজার থাকাকালীন একটা বড় ধরনের লোনকে কেন্দ্র করে তাঁর বিরুদ্ধে বহু টাকা কারচুপির অভিযোগ ওঠে। চীফ জেনারেল ম্যানেজারের (এস/বি/আই) নির্দেশ মতো শ্রীমুখার্জীর কাছ থেকে টাকা পয়সা লেনদেনের সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে তাঁকে জঙ্গিপুর ব্রাঞ্চে বদলি করা হয়। কারচুপির ঘটনা নিয়ে এতদিন অনুসন্ধান চলছিল। তারই পরিপ্রেক্ষিতে গত সপ্তাহে একজন তদন্তকারী অফিসার এখানে এসে তাঁর হাতে কর্মচ্যুতির নোটিশ ধরিয়ে দেন এবং ঐ দিন বিকেলেই তাঁকে চার্জ বুঝিয়ে দিতে বাধ্য করেন বলে জানা যায়।

## স্ত্রীকে পুড়িয়ে মারার অভিযোগে শিক্ষক গ্রেপ্তার

সাগরদীঘি : গত ৩ মার্চ সাগরদীঘি থানার চাসতেবাড়ীর বাসিন্দা সেলিমা বিবিকে অস্বাভাবিকভাবে অগ্নিদগ্ধ অবস্থায় বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ৫ মার্চ তাঁর মৃত্যু ঘটে। ৬ মার্চ পুলিশ মৃতার স্বামী গোবিন্দটোলা ভোলানাথ পাণ্ডে হাই স্কুলের আরবী শিক্ষক মৌলভী বদরুল হককে গ্রেপ্তার করে। পুলিশী সূত্রে জানা যায়, (শেষ পৃষ্ঠায়)

## পাইপগান তৈরীর কারখানা আটক

অরঙ্গাবাদ : গত ১০ মার্চ রাত্রে সুতী থানার পুলিশ সজনীপাড়ায় ফটিক সেখের বাড়ি তল্লাসী করে দুটো দেশী পিস্তল, একটি পাইপগান ও দুটো অর্দ্ধ সমাপ্ত পাইপগান আটক করে। তল্লাসীতে স্প্রিং ও পাইপগান তৈরীর মালমসলাও উদ্ধার হয়। পুলিশী সূত্রে জানা যায়, তারা খবর পায় ঐ গ্রামের ফটিক সেখ ক'জনের সাথে পাইপগান তৈরী করছে। পুলিশ ফটিক ও তার সাকরেদ কালু সেখকে গ্রেপ্তার করে।

## নন জুডিসিয়াল ষ্ট্যাম্পের ব্যাপক অভাব চলছে

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর ট্রেজারিতে বেশ কয়েক-মাস ধরে কমদামী এবং ২০০, ৭৫০. ১০০০ দামের নন জুডিসি াল ষ্ট্যাম্পের অভাব চলছে। ফলে জনসাধারণের ভোগান্তি চরমে পৌঁচেছে। মার্চ মাসে বিভিন্ন সরকারী লাইসেন্স রিনিউ করার সময়। এ সময় ষ্ট্যাম্প না পাওয়ার ষ্ট্যাম্প ভেণ্ডারদের সাথে প্রায় জনসাধারণের বচসা হচ্ছে। আর কিছুদিন যদি এরকম চলে তবে লাইসেন্স, এগ্রিমেণ্ট ও মামলা মোকর্দমা সংক্রান্ত সব কাজই বন্ধ হয়ে যাবে।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

১লা চৈত্র বুধবার ১৩৯৫ সাল


## ধর্ম্মের অধিকার

পৃথিবীর বুকে প্রাচীন ও মধ্যযুগে বহু ধর্ম্মযুদ্ধ হইয়া গিয়াছে ধর্ম্মের অধিকারকে কেন্দ্র করিয়া। ইসলাম ও খৃষ্টধর্ম্ম পরস্পরের প্রাধান্য প্রতিষ্ঠার জন্য 'ক্রুজেদ' বা ধর্ম্মযুদ্ধে বহু বৎসর ধরিয়া মধ্য এশিয়ায় ভূমিকে উদ্বেল করিয়া রাখিয়াছিল। তৎকালীন যুগের ইংল্যাণ্ড ও য়ুরোপের রাজন্যবর্গ এবং আরবের মুসলিম বাদশাহরা পরস্পর পরস্পরের বিরুদ্ধে লড়াই করিয়াছেন। তৎপরবর্ত্তীক্ষণে রেণেসাসের যুগে ধর্ম্ম আন্দোলন স্তিমিত হইয়া আসে। এ তাবৎ বহুদিন ধরিয়া আর ধর্ম্ম লইয়া বিশেষ কোন যুদ্ধ বিগ্রহ ঘটিতে দেখা যায় নাই। কিন্তু ভারতের বুকে হিন্দু ও মুসলিম ধর্ম্মের বিরোধ বৃটিশের কূটকৌশলে জাগরিত হইয়া ভারতকে দুইখণ্ডে বিভক্ত স্বাধীনতা মানিয়া লইতে বাধ্য করে। তথাপি ভারতের দেশ-প্রেমিক নেতৃবৃন্দ 'সেকুলার' বা ধর্মনিরপেক্ষ ভারত প্রতিষ্ঠা করেন। ভারতীয় নেতৃবৃন্দের এই ধর্মনিরপেক্ষতাকে মুখে উচ্চ প্রশংসা করিলেও পৃথিবীর সাম্রাজ্যবাদী বৃহৎ শক্তি-গুলি ষাট কোটি মানুষের দেশ ভারত যাহাতে শক্তিশালী এক রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করিতে না পারে তাহার জন্য বিভিন্ন ষড়যন্ত্রে লিপ্ত হয়। তাহাদেরই অঙ্গুলি হেলনে শান্তি-কামী এই দেশে আজ বিভিন্ন বিচ্ছিন্নতাকামী শক্তির আত্মপ্রকাশ ঘটিতেছে ধর্ম, ভাষা ও সম্প্রদায়কে কেন্দ্র করিয়া। এদিকে বিশ্বের মুসলিম সম্প্রদায় ও ইসলাম বিপন্ন এই জেহাদে সর্বদেশের সহিত ভারতেও সঙ্ঘবদ্ধ সে লক্ষণ পরিস্ফুট হইতেছে। নতুবা সলমন রুশদির শয়তানের পদাবলীকে কেন্দ্র করিয়া বোম্বাই অঞ্চলে এমনকি আমাদের এই জেলায় ছোট্ট গণ্ডগ্রাম সাইদাপুর ও আধা শহর লালগোলা উদ্বেল হইয়া উঠার লক্ষণ প্রকাশ পাইল কেন? ধর্মনিরপেক্ষ ভারত সরকারইতো সর্বপ্রথম রুশদির পুস্তকটি যাহাতে ধর্মপ্রাণ মুসলিম অন্তরে আঘাত দিতে না পারে সেই কারণেই তাহার প্রচার ও প্রকাশনা নিষিদ্ধ করিয়া আদেশ জারী করেন। কিন্তু তথাপি ভারতের মুসলিম জনগণ পৃথিবীর অন্য মুসলিমদের সহিত একাত্ম প্রমাণ করিতেই এইদেশে আন্দোলনে অংশগ্রহণ করেন বলিয়াই মনে হয়। দাদাঠাকুর জঙ্গিপুর সংবাদে 'ধর্মের অধিকার' শিরোনামে বহুকাল পূর্বেই সঠিক কথা বলিয়াছিলেন যে কোন জাতিকে একত্র সন্নিবেশিত করিবার একমাত্র উপায় হইতেছে ধর্মের ভিতর দিয়া জাগাইয়া তোলা! সেই উপায় পৃথিবীর সকল জাতির সকল ধর্ম সম্প্রদায়ের ভিতর বিদ্যমান রহিয়াছে—নাই কেবল ভারতের. নাই কেবল হিন্দু জাতির। খৃষ্টান সম্প্রদায় সমগ্র জাতির মাথার উপরে যখন কোন বিপদের মেঘ ঘনীভূত দেখিতে পায় তখন ধর্মের নামে আসিয়া এক পতাকা-তলে মিলিত হয়। মুসলমান সম্প্রদায়ের ভিতরও সেই ধর্মের ডাক রহিয়াছে—ইসলাম ধর্ম বিপদগ্রস্ত শুনিলে মুসলমান সমাজের মধ্যে কোন সাম্প্রদায়িক প্রশ্ন উত্থিত হয় না—মসজিদের চতুঃসীমানায় আসিয়া সকলে সঙ্ঘবদ্ধ হইয়া দাঁড়াইয়া বিপদের বিরুদ্ধে সংগ্রাম ঘোষণা করে। এই তথ্যের প্রমাণ আর একবার রুশদিকে কেন্দ্র করিয়া পাওয়া গেল। ইরাণের ধর্মীয় নেতার ফরমান সমগ্র মুসলিম জগৎ ঐক্যবদ্ধভাবে সমর্থন করিলেন। খৃষ্টান জগৎ ইংল্যাণ্ড, ইউরোপ, আমেরিকা খোমাইনীর বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইলেন। কিন্তু হিন্দুদের মধ্যে এমন বিশ্বজনীন আহ্বান দেখা যায় না। হিন্দু নিজের ধর্ম্ম সম্বন্ধে কথা বলিতে লজ্জা বোধ করে। ধর্ম্ম রক্ষার আহ্বানে সাড়া দেওয়াকে সাম্প্রদায়িকতা বলিয়া মনে করে। বর্তমান হিন্দু জনগণ ধর্ম্মনিরপেক্ষতা আর ধর্ম্মহীনতাকে একই বস্তু মনে করিয়া সেইমত আচরণ করে। তদুপরি ধর্মমন্দিরে প্রবেশাধি-কার ও পূজার অধিকার লইয়া হিন্দু ধর্ম্মে যে জাতিভেদ ও বর্ণভেদ বর্তমান রহিয়াছে তাহাই তাহার একাত্ম হওয়াকে বিঘ্নিত করিতেছে। কিন্তু অন্যান্য ধর্ম্মমতে বর্ণবিভেদ না থাকায় ধর্ম্মস্থানের মধ্যে সকলে একাত্ম হইয়া ধর্ম্ম-রক্ষার্থে আগুয়াণ হইতে পারে। দাদাঠাকুর তাই বলিয়াছিলেন—যদি জাতি হিসাবে রক্ষা পাইতে হয়, যদি রাষ্ট্রীয় ক্ষেত্রে একতাবদ্ধ হইতে হয় তবে আজ সকল ক্ষুদ্রতা, সঙ্কীর্ণতা, সাম্প্রদায়িকতা বিসর্জন দিয়া—জাতির কল্যাণের দিকে চাহিয়া আজ সকল স্বার্থ ও সুবিধা ত্যাগ করিয়া ধর্ম্মের নামেই মিলিত হইতে হইবে, ধর্ম্মমন্দিরে ও দেবপূজায় সকলকে সমান অধিকার দিতে হইবে।

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

### শিক্ষক নিযুক্তি প্রসঙ্গে

আমি ভাবকী জুনিয়ার হাই স্কুলের আরবি শিক্ষক। আরবি শিক্ষক হিসাবে নিযুক্তির ব্যাপারে কমিটির সদস্য, সম্পাদক বা প্রাক্তন শিক্ষককে কোনক্রমে একটি টাকাও দিইনি। আমার মত শিক্ষকের ডোনেশন দেওয়ার সঙ্গতি আদৌ নাই।

এবাদুল হক  
আরবি শিক্ষক  
খামরা ভাবকী জুনিয়ার হাই স্কুল

## আবদুস সাত্তার কংগ্রেস থেকে সি পি এমে

ধুলিয়ান: সমসেরগঞ্জ থানার কাঞ্চনতলা গ্রাম পঞ্চায়েতের কংগ্রেস পঞ্চায়েত সদস্য আবদুস সাত্তার দলত্যাগ করে সি পি আই এমে যোগ দিলেন। সি পি এম দলে যোগ-দানের সপক্ষে যুক্তি দেখিয়ে বলেন—বর্তমানে কংগ্রেস দলে কোন নীতির বালাই নেই। তারা পরস্পরের সাথে খেয়োখেয়িতেই ব্যস্ত। সাধারণ মানুষের কথা চিন্তা করার সময় তাদের নেই। বামপন্থী দলগুলিতে বিশেষ করে সি পি এমের মধ্যে যে ইনট্রিগিটি, সিনসিয়ারিটি বা অনেসটি রয়েছে তা কংগ্রেসের মধ্যে পাওয়া দুষ্কর। তার উপর কংগ্রেস বেছে বেছে নেতা নির্বাচন করেন তাদের গুণাবলী বিচার করে নয়, তাঁরা দেখেন নেতা-দের পূর্বপুরুষরা নেতা ছিলেন কিনা। নেতারা জনগণের প্রার্থিত কিনা বা জনগণের বিপদে তাদের পাশে দাঁড়াবার যোগ্যতা এদের আছে কিনা তা বিচার করা হয় না। এরকম চলতে থাকলে কংগ্রেসের ভরাডুবি অবশ্যম্ভাবী এবং ঐ দলের ভবিষ্যত অন্ধকার।

## সম্পূর্ণ ব্রীজ চুরি, পরে উদ্ধার

সাগরদীঘি: স্থানীয় ব্লকের মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের অধীন উপলাই বিলের উপর চাঁদপাড়া গাদি কাঠের সেতুটি সম্প্রতি সম্পূর্ণ চুরি হয় বলে খবর। স্থানীয় বিধায়ক সাগরদীঘি থানায় রিপোর্ট করলে পুলিশী তদন্তে মনিগ্রামের বীরেন ভাস্করের কাঠের কারখানা থেকে কিছু চোরাই কাঠ উদ্ধার হয়। পরে বীরেনের সূত্র অনুযায়ী অনুসন্ধান চালিয়ে চাঁদপাড়ার আবদুস সাইদ সেখের বাড়ী থেকে চুরি যাওয়া প্রায় সব কাঠই উদ্ধার হয়। বর্তমানে আবু সেখ ফেরার।

---

খামরা ভাবকী জুনিয়ার হাই স্কুলের শিক্ষক পদে নিযুক্তি ব্যাপারে আপনার পত্রিকায় যে ডোনেশনের কথা বলা হয়েছে তন্মধ্যে ৩০,০০০ টাকা জেলা কংগ্রেস ফাণ্ডে জমা রাখা সম্পূর্ণ ভিত্তিহীন। যদিও ঐ স্কুলের ম্যানেজিং কমিটির মধ্যে আজিজুর রহমান ও প্রাক্তন প্রধান ফসিউদ্দিন বিশ্বাস কংগ্রেসের আঞ্চলিক ও ব্লক স্তরের নেতা; ব্লক বা আঞ্চলিক বা জেলা স্তরের কোন নেতাই জানেন না যে ঐ ডোনে-শনের টাকা কংগ্রেস ফাণ্ডে জমা হবে। ফুরকান আলি স্কুলের শিক্ষক ও ঐ স্কুলের সম্পাদক একজন সরকারী চাকুরীজীবী। তাঁরা নিযুক্তির প্রশ্নে যা করেছেন তা নিজ দায়িত্বে করেছেন, এতে কংগ্রেসের সাথে কোন সম্পর্ক নেই।

আবদুর রউফ সেখ  
রঘুনাথগঞ্জ ২নং ব্লক কংগ্রেস কমিটির পক্ষে

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

# NOTICE INVITING TENDER

## Materials Management Department

Sealed tenders in duplicate, are invited from reputed manufacturers and/or their authorised agents for supply of following materials :

| Sl. No. | Tender Number | Description of materials | Quantity |
|---|---|---|---|
| 1) | FS : 42 : MD : T—13/1058 | Pulleys for coal handling plant as per our Drg. & Specn, | |
| | | a) Drive Pulley | 9 Nos |
| | | b) SNUB Pulley | 6 Nos |
| | | c) Bend Pulley | 8 Nos |
| | | d) Take up Pulley | 6 Nos |
| | | e) Tail Pulley | 5 Nos |
| 2) | FS : 42 : MD : T—39/0612 | Design. Manufacturing & supply of suspended electromagnets required for installation over belt conveyors to seperate Ferromagnetic particles from coal.... | 2 Nos |
| 3) | FS : 42 : MD : T—40/809 | Design. Manufacturing & supply of LT KIOSK TYPE SWITCH BOARD suitable for outdoor operation on 415V, 3/50 HZ supply with one 800 Amp incomer and six outgoing feeders.... | 10 Nos |
| 4) | FS : 42 : MD : T—35/0997 | a) Supply of Tables & chairs with steel frame & wooden top as per drg..... | 450 Nos |
| | | b) Wooden display board... | 92 Nos |
| | | c) Dining Table set.... | 6 Sets |
| 5) | FS : 42 : MD : T—14/1086 | Grinding roll ( Ni-hard ) for BHEL make bowl mill XRP-803.... | 100 Nos |
| 6) | FS : 42 : MD : T—13/1126 | Different types of life greased heavy duty idlers for coal handling plant.... | 125 Nos |
| 7) | FS : 42 : MD : T—37/0489 | Noninvasive Temporary pacemaker ( for hospital ) | 1 No. |


( Contd, 4 page )

## চক্ষু অপারেশন শিবির

ধুলিয়ান : গত ২৬ ফেব্রুয়ারী থেকে ৩ মার্চ স্থানীয় লায়ন্স ও লিও ক্লাব কলিকাতা লাইন্স ক্লাবের যৌথ উদ্যোগে বিনামূল্যে চক্ষু অপারেশন শিবির পরিচালনা করেন। কাঞ্চনতলা হাই স্কুলে এই শিবিরে সর্বমোট ২০০ জনের চক্ষু পরীক্ষার পর ৮৭ জনের অস্ত্রোপচার করা হয়। শিবিরে রোগীদের খাদ্য ঔষধ প্রভৃতির খরচ বহন করেন স্থানীয় লায়ন্স ক্লাব। উদ্বোধনী দিনে লায়ন্সের ডিষ্ট্রীক্ট গভর্ণর লায়ন এস এম জৈন উপস্থিত ছিলেন। অস্ত্রোপচার করেন মালদার প্রখ্যাত চক্ষু চিকিৎসক লায়ন পিনাকীরঞ্জন রায়। তাঁর কাজে সহায়তা করেন লায়ন ডাঃ মনসুর আমেদ ও লায়ন ডাঃ কালীকুমার গুপ্ত।

## এবার মুরগীর ডিমও বাংলাদেশে

জঙ্গিপুর : সীমান্তবর্ত্তী গ্রামগুলি থেকে হাজার হাজার মুরগীর ডিম প্রতিদিন বাংলাদেশে চালান যাচ্ছে বলে খবর। এরফলে শহরাঞ্চলে ডিমের দাম বৃদ্ধি ও অভাব দেখা দিয়েছে।

## মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণ

নিমতিতা : কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুসারে শিক্ষার গুণগত মানোন্নয়ন কর্মসূচী রূপায়ণে কর্মরত মাধ্যমিক শিক্ষকদের ব্যাপক প্রশিক্ষণের ব্লক বা থানা পর্যায়ের কর্মশালা ২৩ ফেব্রুয়ারী থেকে ৪ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হল নিমতিতা গৌরসুন্দর দ্বারকানাথ বিদ্যায়তনে। ফরাক্কা, সমসেরগঞ্জ, সুতী ১ এবং ২নং ব্লকের সমস্ত জুনিয়র, হাই মাদ্রাসা, হাই স্কুল এবং হায়ার সেকেণ্ডারী স্কুলের প্রধান শিক্ষক এবং কম-পক্ষে ১ জন শিক্ষক নিয়ে গঠিত শতাধিক শিক্ষক দশদিন ব্যাপী এই কর্মশালায় বিশেষ অধ্যবসায় এবং আগ্রহের সঙ্গে এই প্রশিক্ষণ নেন। জেলার প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ শিক্ষক-গণ সম্পন্ন ব্যক্তি হিসাবে এই প্রশিক্ষণ পরিচালনা করেন। এই কর্মশালার 'কো-অর্ডিনেটর' ছিলেন নয়নসুখ হায়ার সেকেণ্ডারী স্কুলের শিক্ষক বিকাশ রায়চৌধুরী। ভারপ্রাপ্ত জেলা স্কুল পরিদর্শক সুদর্শন বিশ্বাস, অরুণ ব্যানার্জী, অরুণ ভট্টাচার্য্য, তড়িৎ ব্রহ্মচারী, মঃ আজিস হোসেন প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ বিভিন্ন দিনে উপস্থিত ছিলেন।

## জেলা সাংবাদিক সঙ্ঘের ২৯তম সম্মেলন

নিজস্ব : মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সঙ্ঘের ২৯তম জেলা সম্মেলন গত ১২ মার্চ বেলডাঙ্গা শিউ নারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ১১৩ সদস্যের মধ্যে ৬৩ জন উপস্থিত ছিলেন। সাধারণ সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক দীপঙ্কর চক্রবর্ত্তী।

## অভিনব ব্যবসা

জঙ্গিপুর : সম্প্রতি জঙ্গিপুর বাস ষ্ট্যাণ্ডে বেশ কয়েকটি ক্যারামের আসর বসতে দেখা যায়। সব কটি আসরই বেশ জমজমাট। অনু-সন্ধানে জানা যায় এগুলি সবই আইনের বেড়াজাল এড়িয়ে জুয়াখেলা। প্রতি গেমে এক টাকা ভাড়া তো দিতেই হবে, তার উপর আছে গেম পিছু বাজী ধরা। এই অভিনব জুয়ার ব্যাবসা চলছে পুলিশের সামনে প্রকাশ্য স্থানে। প্রশাসন নীরব দর্শক মাত্র।

( From 3rd page )

## Qualifying Requirement For Bidders :

1) Bidders should have extensive, proven experience for manufacturing and supply of item at sl. no. 1 to 6. Also in house testing facility should be available in the works of the manufacturer.

2) Bidders should have manufactured and or supplied 50% of the above materials in value/qty. for items at 1 to 6 during last two years. They should have supplied atleast one pacemaker to any reputed hospital during last one year and should have facility for prompt after sales service.

3) Documentary evidence for above shall be sent along with request for issue of tender documents.

## General Terms and Conditions :

1) Tender documents will be issued only to prima-facie qualified bidders after scrutiny of credentials which are to be furnished along with your request for documents. However, issuance of tender documents will not automatically qualify the firm for bidding which shall be determined during bid evaluation. NTPC reserves the right to after the qualifying requirement as may be needed.

2) Request for issue of tender documents shall reach us latest by 31-3-89 due date of bid opening will be indicated in the respective tender documents.

3) The above details are only indicative, Full details are as given in our tender documents

4) EMD of 2% of quoted value is to be submitted with the offers.

5) This tender notice may also be used for purpose of enlistment of vendors for future supplies.

6) NTPC is not responsible for any communication/postal delays.

7) NTPC reserves the right to accept/reject any request for issue of tender documents or offers without assigning any reason there for.

**Chief Materials Manager**

## হাজার হাজার গরু বাংলাদেশে নিয়মিত পাচার হচ্ছে

রঘুনাথগঞ্জ : নতুন বছরের শুরু থেকে নিয়মিতভাবে কয়েক হাজার গরু বাংলাদেশে পাচার হয়েছে বলে সীমান্ত অঞ্চলের গ্রামবাসীরা আমাদের প্রতিনিধির কাছে অভিযোগ করেন। তাঁদের অভিযোগ, গরু পাচারকারীদের সাথে রাজনৈতিক দলগুলির ও প্রশাসনের গোপন আঁতাত না থাকলে প্রকাশ্যে এ ভাবে পাচার সম্ভব নয়।

## ট্রাক চাপায় বালকের মৃত্যু

ধুলিয়ান : গত ৮ মার্চ সমসেরগঞ্জ থানার জয়কৃষ্ণপুরে ৩৪নং জাতীয় সড়কের উপর দ্রুতগামী একটি ট্রাকে এক বালক চাপা পড়ে। ঘটনাস্থলেই বালকটির মৃত্যু হলে বিক্ষুব্ধ গ্রামবাসীরা ট্রাকটিকে ঘিরে ফেলে। কিছুক্ষণের জন্য সমস্ত যান চলাচল বন্ধ হয়ে যায়। পুলিশ ঘটনাস্থলে এসে ট্রাকটিকে আটক করে এবং ড্রাইভার ও খালাসীকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেয়।

## বি জ্ঞ প্তি

এতদ্দ্বারা জঙ্গীপুর কলেজের ছাত্রদের জানান যাইতেছে যে, জঙ্গীপুর কলেজের ছাত্র সংসদের নির্বাচন আগামী ১৯-৩-৮৯ ( রবিবার ) অনুষ্ঠিত হইবে।

নির্বাচনের সময় সকাল ১০-৩০ মিঃ হইতে ১-৩০ মিঃ পর্য্যন্ত।

*ভারপ্রাপ্ত অধ্যাপক*
জঙ্গীপুর কলেজ

Memo No. J. C /49/89 (Election) dt. 9-3-89

## দুঃস্থ লোকশিল্পী এবং লোক সংস্কৃতির চর্চায় নিযুক্ত দুর্বল সংস্থাগুলিকে আর্থিক অনুদান প্রদান।

মুর্শিদাবাদ জেলার দুঃস্থ লোকনৃত্য-গীত-বাদ্য-লৌকিক চারুকারু ও মৃৎশিল্পী এবং লোক সংস্কৃতির চর্চায় নিযুক্ত দুর্বল সংস্থাগুলিকে আর্থিক অনুদান দেওয়ার উদ্দেশ্যে সাদা কাগজে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। অনুদানের জন্য দুঃস্থ লোকশিল্পী এবং লোক সংস্কৃতির চর্চায় নিযুক্ত দুর্বল সংস্থাগুলিকে নিজ নিজ মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের নিকট অথবা জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, মুর্শিদাবাদ এর নিকট ২৭-৩-৮৯ তারিখের মধ্যে আবেদন পত্র জমা দিতে হবে। আবেদন পত্রের নমুনা ৫-৩-৮৯ তারিখের দৈনিক বসুমতী অথবা মহকুমা ও জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরে দেখতে পাওয়া যাবে।

*জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক দপ্তর*
*মুর্শিদাবাদ।*

## আই এন টি ইউ সির আন্দোলন

নবারুণ পয়েন্ট : ফরাক্কা আই এন টি ইউ সি আবদুল কাদেরের নেতৃত্বে ১৪ মার্চ থেকে বৃহৎ তাপ বিদ্যুৎ কেন্দ্রের কাজে নিযুক্ত ওয়েষ্টার্ণ ইণ্ডিয়া কন্সট্রাকসন্ কোম্পানীর অফিসের সামনে বিক্ষোভ আন্দোলন শুরু করেন। তাঁদের দাবী গত ৬ মার্চের ঘটনায় শ্রমিক নেতা মাইনুল হকের বিরুদ্ধে পুলিশের কাছে যে অভিযোগ করা হয়েছে তা তুলে নিতে হবে এবং ঐ দিনের ঘটনায় কোম্পানীর যে ১৩ জন কর্মীর বিরুদ্ধে সাসপেনশন আদেশ হয়েছে সেটাও তুলে নিতে হবে। তাঁরা তাঁদের দাবীর সুষ্ঠু সমাধান না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবেন বলে জানা যায়।

## পোলিও রোগাক্রান্ত আর টি এ

জঙ্গিপুর : জঙ্গিপুর-লালগোলা রুটে বাস চলাচল করে মালিকপক্ষের খেয়াল খুশিতে। বাসযাত্রীদের অভিযোগ, বেশীর ভাগ দিনই সঠিক সময়ে রুট বাসগুলিকে দেখা যায় না। বিয়ের মরশুমে রুটের বাস খুশিমত বরযাত্রী বহনে ব্যস্ত থাকে। তথ্যানুসন্ধানে জানা যায়, সাগরদীঘি রুটেও অবস্থা একই। যাত্রীসাধারণের অসুবিধা দেখবার জন্য কোন প্রশাসন আছেন বলে মনে হয় না। জেলা আর টি এ জন্ম থেকেই পক্ষাঘাতগ্রস্থ।


যক্ষ্মা রোগের বিরুদ্ধে সংগ্রাম করুন

১। যদি দু সপ্তাহেরও বেশি আপনার লাগাতার কাশি থাকে অথবা যদি দেখেন স্প্যুটাম বা থুতুর সঙ্গে রক্ত আসছে তবে হয়তো আপনার ফুসফুসে টি. বি হয়ে থাকতে পারে।

২। কাছাকাছির প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ডিস্পেন্সারি অথবা টি. বি. সেন্টারে গিয়ে নিজেকে -বিশেষ করে স্প্যুটাম পরীক্ষা করান।



১। ডাক্তারের পরামর্শ অনুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত নিয়মিত ওষুধ খেলে যক্ষ্মা রোগ সেরে যায়।

৪। রোগ সারানোর চেয়ে রোগ প্রতিরোধ করাই ভাল। তাই আপনার সন্তানকে বি.সি.জি. টীকা লাগিয়ে নিন।

কেন্দ্রীয় স্বাস্থ্য শিক্ষা ব্যুরো (ডি.জি.এইচ.এস)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, কোটলা রোড
নিউ দিল্লী-১১০০০২

davp 88/729 BEN

## চন্দনবাটী শিব মন্দির সংস্কার ও উৎসব

সাগরদীঘি ঃ এতদঞ্চলের চন্দনবাটী গ্রামের প্রান্তদেশে প্রখ্যাত শিব-মন্দিরটি গ্রামের ভক্তজনেরা সংস্কার করেন। শিবরাত্রি উপলক্ষে এই মন্দিরটির শুভ উদ্বোধন করেন সাগরদীঘির বি ডি ও বাদলচন্দ্র দাশ। সারারাতব্যাপী পূজা, গ্রামীণ মেলা ও গানবাজনার আসর চলে। বিধায়ক পরেশচন্দ্র দাস মেলায় উদ্বোধন করেন। হাজার হাজার পুণ্যার্থী সমাগমে মন্দির প্রাঙ্গণ মুখরিত হয়। চন্দনবাটীর শিবলিঙ্গটি এবং গৌরীপাটটি আকৃতিতে বেশ বড়। জানা যায় আজিমগঞ্জের নওলাক্ষাদের সম্পত্তি এই গ্রামটি। গ্রামের প্রান্তে সুউচ্চ ঢিবিটির উপর টালির আস্তরণ দেখে কৌতূহলী নির্মল সিং নওলাক্ষা বাংলা ১৩৩৪ সালে ঢিবিটিতে খনন কার্য্য চালানোর কালে মাটির নীচে মন্দির ঘর আবিষ্কৃত হয় ও শিবলিঙ্গটি দেখা যায়। শ্রীনওলাক্ষা শিবলিঙ্গ ও গৌরী-পাটটি উপরে আনেন। কিন্তু কোন মন্দির নির্মাণ বা শিবলিঙ্গ প্রতিষ্ঠার কোন ব্যবস্থা করেন না। সাগরদীঘির এক বস্ত্র ব্যবসায়ী কালুরাম রামচাঁদ রঘুনাথ সাদানী ঐ স্থান কিনে নেন ও ঢিবিটির এক পাশে কোনরকমে সাদামাটা ভাবে মন্দির ঘর করে দেন। পরবর্তীতে অজ্ঞাত কারণে তিনি সাগরদীঘি ছেড়ে গোকর্ণে চলে যান। মন্দিরটি ভগ্ন অবস্থাতেই পড়ে থাকে। সম্প্রতি মন্দিরটি হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষ চাঁদা তুলে নির্মাণ করে দেওয়ায় গ্রামবাসীদের অনেক-দিনের আশা সফল হল। যতদূর জানা যায় চন্দন শাহ পীর এই গ্রামে বাস করতেন বলে গ্রামটির নাম হয় চন্দনবাটী বা চন্দনমাটি। উক্ত পীরের মাটিতে বসে যাওয়া প্রাচীন মাজারটি এখনও বর্তমান আছে গ্রামের দক্ষিণ প্রান্তে। ভক্ত-জনের অনেকেই চাইছেন শিব-মন্দিরের সংস্কারের মতই হিন্দু মুসলমান মিলিত হয়ে চন্দনশাহ পীরের মাজারটিরও সংস্কারের সত্বর ব্যবস্থা করা হোক।

## অপারেশন ব্ল্যাক বোর্ড কার্য্যক্রম

ভারত সরকারের প্রেস ইনফর-মেশন ব্যুরো জানাচ্ছেন. ১৯৮৭-৮৮ সালের অপারেশন ব্ল্যাক বোর্ড কার্য্যক্রম অনুযায়ী ১১০ কোটি ৬১ লক্ষ ১৪ হাজার টাকা ২৪টি রাজ্য ও ৩টি ইউনিয়ন টেরিটরিতে মঞ্জুর হয়েছে। এরফলে ১৭০৩টি ব্লক ও ৩৪৮টি পুরসভার অন্তর্গত ১,১৩,৪১৭টি প্রাথমিক বিদ্যালয় উপকৃত হবে। ১৯৮৮-৮৯ সালের জন্য পশ্চিমবঙ্গে ৭ কোটি ৬৮ লক্ষ ৬৮ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। পঃ বঙ্গের ২০টি পুর-সভা ও ৩৩৭৩ ব্লকের ১১,১৩৯টি প্রাইমারী বিদ্যালয়কে অর্দ্ধ পরিমাণ অর্থ ইতিমধ্যেই দেওয়া হয়েছে। আগামী ১৯৯০ সালের মধ্যে অপারেশন ব্ল্যাক বোর্ডের কাজ শেষ হবে বলে আশা করা যায়।

### শিক্ষক গ্রেপ্তার

(১ম পাতার পর)

২ মার্চ রাতে ঘর বন্ধ করে উক্ত মৌলভী তাঁর স্ত্রীর গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেন। খবরে আরোও জানা যায়, দশ বছর আগে সেলিমার সঙ্গে তাঁর বিয়ে হয়। এর আগে তাঁর আর একটি বিয়ে হয়ে ছিল। কিন্তু সেই স্ত্রীর উপর অত্যাচার করায় মেয়েটির বাবা মা বিবাহ বিচ্ছেদ করিয়ে নিতে বাধ্য হন।

### আনহেলদি পরিবেশ

(১ম পাতার পর)

সঠিক ভাবে এ সি এম ও এইচ অফিসের কাজকর্ম দেখা সম্ভব হচ্ছে না। ফলে অফিসের কাজ-কর্ম্মে ঢিলেমি দেখা যাচ্ছে। কর্ম-চারীরা নিজের নিজের দায়িত্ব পালন করেন না। নাইটগার্ড বেশির ভাগ রাতেই ডিউটিতে থাকেন না বলে খবর। সে কারণে ছোট্ট অফিস পরিসরে একাধিকবার নতুন স্প্রে মেসিন বাক্সবন্দী অবস্থায় চুরি যায়। অফিস থেকে নিয়ম মতো শুধুমাত্র থানায় ডাইরী করে দায়িত্ব পালন করা হয়। তদন্ত বা গ্রেপ্তারের কোন সংবাদ পাওয়া যায় না। অভিযোগ, আমের সিজিনেই স্প্রেয়ারগুলি চুরি হয়। অন্যদিকে মেসিনের অভাব দেখিয়ে পুরানো মেসিন সারিয়ে একটা মেসিনের সঙ্গে ছ'জনকে কাজে দেখানো হচ্ছে। পুরানো মেসিনগুলো সারানো হচ্ছে নিজেদের পছন্দমত মেকানিক দিয়ে এবং মোটা টাকার ভূয়া বিলও নাকি ওই ব্যাপারে মঞ্জুর করে কর্মীদের মধ্যে কেউ কেউ সরকারী অর্থ লুটে পুটে খাচ্ছেন। এই এলোমেলো অবস্থার প্রধান কারণ রাজ্য সরকারী কর্মী সংগঠনগুলি অধি-কাংশই কো-অর্ডিনেশন কমিটির অন্তর্ভুক্ত হওয়ায় রাজনৈতিক চাপের কাছে প্রশাসন কর্তৃপক্ষ মাথা বিকিয়ে বসেছেন। বেশ কিছু স্বার্থান্ধ কর্মচারী এই সুযোগের সদ্ব্যবহার করে আখের গুছিয়ে নিচ্ছেন। অন্যদিকে হেলথ অফিস সংলগ্ন পুষ্করিণীটিও কর্মীরা স্বল্পমূল্যে লীজ নিয়ে মাছের ব্যবসা শুরু করেছেন বলে স্থানীয় মৎস্য ব্যবসায়ীরা অভি-যোগ করেন। তাঁরা বলেন, শহরের এস ডি ও অফিস মুন্সেফ কোর্ট ও এ সি এম ও এইচ অফিস সংলগ্ন সব কটি পুকুর যদি নিয়ম-মাফিক ডাক হয় তবে সরকারী ফাণ্ডে তাঁদের কাছ থেকে মোটা টাকা জমা পড়ে। কিন্তু সরকারী কর্মীরা স্বল্পমূল্যে ওগুলি সুকৌশলে নিজেদের আয়ত্বে রাখায় সরকারী আয় মার খাচ্ছে। রাজ্য সরকারী কর্মীদের মধ্যে বিশেষ করে এ সি এম ও এইচ অফিসের অধিকাংশ কর্মী বছরের পর বছর বদলী না হওয়ায় একই স্থানে থাকার সুবাদে মৌরসী পাট্টা করে নানান ব্যবসায়ে যুক্ত রয়েছেন। কর্তৃপক্ষ যে এসব জানেন না তা নয়, কিন্তু তাঁরা সংগঠনের মৌচাকে খোঁচা মারতে ভয় করেন। এই মহকুমায় গ্রামেগঞ্জে এনকে-ফেলাইটিস, ম্যালেরিয়া ও কালা-জ্বরের প্রাদুর্ভাব ব্যাপক ভাবে দেখা দিলেও কোন তৎপরতা চোখে পড়ে না। সঠিক রিপোর্ট ভারপ্রাপ্ত কর্মীরা উপর মহলে পাঠান না। গ্রামে যেটুকু বা স্প্রে করা হয় শহরে তাও হয় না। ফলে পুর এলাকায় মশার উপদ্রব দিনের পর দিন বেড়ে চলেছে। স্বাস্থ্য বিভাগের কিছু নতুন কর্মী কাজে যোগ দেওয়ার পর থেকেই নাকি নিয়মিত অফিসে আসেন না। সুপার ভাইজারী ষ্টাফের যোগসাজসে তাঁরা অফিসে না এসেও বেতন নিয়ে যাচ্ছেন মাসের পর মাস বলে খবর।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
এল এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও
জঙ্গিপুরে সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
**ইউনাইটেড ট্রেডিং কোং**
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬




রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত